অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/16/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, নিউ ইয়র্ক সিটির ব্যবসার নেতা এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিরা অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলা করতে আরো শক্তিশালী ডিস্কভারি আইনের জন্য চাপ দিচ্ছেন

ডিস্কভারি রিফর্ম পাশ হওয়ার পর থেকে 2019-24 সালের মধ্যে নিউ ইয়র্ক সিটিতে দ্বিগুণ পরিমাণ লার্সেনি মামলা খারিজ হয়েছে

ডিস্কভারি প্রক্রিয়া সরল করতে গভর্নরের প্রস্তাবনা রিটেইল চুরির মামলায় পদ্ধতিগত দেরি বন্ধ করবে এবং স্বয়ংক্রিয়ভাবে খারিজ হওয়া ঠেকাবে

প্রস্তাবনাটি অর্গানাইজড রিটেইল চুরি ঠেকাতে গভর্নর হোকলের পাঁচ দফা পরিকল্পনার উপর ভিত্তি করে করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ব্যবসার নেতা এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের সাথে দাঁড়িয়ে নিউ ইয়র্কের (New York) ডিস্কভারি আইনে অতি প্রয়োজনীয় পরিবর্তন আনার আহ্বান করেছেন যা 2019 সালে পাশ হওয়া রিফর্মের সংশোধন করবে এবং রিটেইল চুরি ঠেকাতে আরেকটি হাতিয়ার হিসেবে কাজ করবে। গভর্নরের এই পদক্ষেপ অর্গানাইজড রিটেইল চুরির বিরুদ্ধে নতুন সুরক্ষা প্রতিষ্ঠা করতে তার চেষ্টার ভিত্তিতে হয়েছে যেটিকে এইসব অপরাধের মোকাবেলা করার জন্য তার পাঁচ দফা পরিকল্পনার অংশ হিসেবে ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর পাশ করা বাজেটে আইন হিসেবে সাইন করা হয়েছিলো।

"রিটেইল চুরি জননিরাপত্তাকে ঝুঁকিগ্রস্ত করে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য দাম বাড়িয়ে দেয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি প্রথম দিন থেকেই একটি ব্যাপার স্পষ্ট করে বলেছি: ক্রয়ক্ষমতা এবং মুখ্য জননিরাপত্তার ব্যবস্থাকে অগ্রাধিকার দিবে এমন একটি স্টেট বাজেট পাশ করানোর লড়াই আমি বন্ধ করবো না। অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলায় আমরা যে অগ্রগতি করেছি আমাদের ডিস্কভারি আইনের লুপহোলের জন্য আমরা সেটিকে ক্ষতিগ্রস্ত হতে দিতে পারি না এবং দোষীদের দায়বদ্ধ করার জন্য ডিস্কভারি আইনে মুখ্য পরিবর্তন অগ্রসর করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি।"

2024 সালে গভর্নর Hochul (হোকল) তার অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলার পাঁচ দফা পরিকল্পনার একটি মুখ্য অংশকে আইন হিসেবে সাইন করেন। এইসব সুরক্ষার মধ্যে আছে

অর্গানাইজড রিটেইল চুরির মোকাবেলা করার জন্য নিবেদিত স্টেট পুলিশ, ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের মধ্যে নিবেদিত রিটেইল চুরি দলের জন্য 40 মিলিয়ন মার্কিন ডলারের বেশি। পরিকল্পনাটি এছাড়াও ছোট ব্যবসাগুলিকে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা, যেমন ক্যামেরাতে বিনিয়োগ করার জন্য 5 মিলিয়ন ট্যাক্স ক্রেডিট দেয়, এবং কোনো রিটেইল কর্মীকে আক্রমণ করা যেকারো জন্য অসদাচরণ থেকে ফেলোনিতে পরিবর্তন করার মাধ্যমে অপরাধের শাস্তি বাড়িয়ে দেয়।

নিউ ইয়র্ক স্টেটের ডিস্কভারি আইনে পরিবর্তন না করলে অর্গানাইজড চুরি ঠেকানোর এবং পুরো স্টেটে অপরাধ কমানোর চেষ্টা তার অভীষ্ট লক্ষ্য অর্জনে ব্যর্থ হবে। নিউ ইয়র্ক সিটিতে, লার্সেনি মামলা খারিজ হয়ে যাওয়ার সংখ্যা 2019 সালের 3,385 থেকে দ্বিগুণ হয়ে 2024 সালে 7,168 হয়েছে। 2024 সালে, নিউ ইয়র্ক সিটির মোট লার্সেনি গ্রেফতারের মধ্যে 25 শতাংশ খারিজ হয়ে গেছে, যা 2019 সালের তুলনায় 14 শতাংশ অর্থাৎ অনেকটাই বেশি।

ম্যানহাটনের (Manhattan) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Alvin Bragg (অ্যালভিন ব্র্যাগ) বলেন, "ম্যানহাটন হলো বিশ্বের রিটেইল রাজধানী এবং আমাদের অফিস রিটেইল চুরির মোকাবেলা করছে এবং যারা বারবার এই অপরাধে জড়িত হচ্ছে তাদের প্রসিকিউট করছে। ডিস্কভারিতে অর্থপূর্ণ পরিবর্তন করা হলে তা এই ক্ষেত্রে বার বার অপরাধ করা বন্ধে অনেক সাহায্য করবে এবং আমাদের ক্রিমিনাল জাস্টিস সিস্টেম যাতে ন্যায্য, দক্ষ থাকে, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে তা নিশ্চিত করতে ডিস্কভারিতে এই কমনসেন্স সংশোধনের পক্ষে কাজ করার জন্য ম্যানহাটনের দারুণ ব্যবসা প্রতিষ্ঠান এবং গভর্নর Hochul-কে (হোকল) আমি ধন্যবাদ জানাচ্ছি।"

ব্রুকলিনের (Brooklyn) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Eric Gonzalez (এরিক গঞ্জালেস) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য এবং বর্তমান ডিস্কভারি আইনের বাস্তব জীবনের প্রভাব বুঝতে পারার জন্য প্রসিকিউটরদের সাথে সরাসরি কথা বলার জন্য আইনসভার প্রতি আমি কৃতজ্ঞ। এই সংশোধনগুলির উদ্দেশ্য হলো অপরাধে অভিযুক্ত ব্যক্তিদের জন্য ন্যায্যতা নিশ্চিত করা, কিন্তু বাস্তবে আমরা দেখছি যে ছোটখাটো খুঁটিনাটি ডিস্কভারি, যা ডিফেন্সকে প্রভাবিত করে না, তা লঙঘনের জন্য বড় গুরুত্বপূর্ণ মামলা খারিজ হয়ে যাচ্ছে। অভিযুক্তদের অধিকার রক্ষা করবে এবং একই সাথে ভিকটিমদের ন্যায়বিচার থেকে বঞ্চিত করা হবে না নিশ্চিত করার একটি সমাধানের জন্য গভর্নর এবং লেজিস্লেটিভ নেতারা আমাদের সাথে কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রুতি দেখিয়েছেন। আমি আত্মবিশ্বাসী যে আমরা এমন একটি চুক্তিতে পৌঁছাতে পারবো যা সঠিক ভারসাম্য তৈরি করবে।"

কুইন্সের (Queens) ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Melinda Katz (মেলিন্ডা ক্যাটজ) বলেন, "নিউ ইয়র্কের ডিস্কভারি আইন সম্পর্কে একমত হওয়ার জন্য গভর্নর Hochul (হোকল), অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি) এবং সিনেটের মেজোরিটি লিডার Andrea Stewart-Cousins-কে (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) আমি ধন্যবাদ জানাচ্ছি। পুরো স্টেটে ডিস্কভারি সংবিধির খুঁটিনাটি লঙঘনের জন্য হাজার হাজার মামলা খারিজ হয়ে গেছে, এবং কমনসেন্স থেকে আমরা বুঝতে পারছি যে পরিবর্তন দরকার। এই পরিবর্তনগুলি অভিযুক্ত ব্যক্তির অধিকার রক্ষা করবে এবং একই সাথে জননিরাপত্তা বাড়াতে এবং ভিকটিমদের সুরক্ষা দিতে সাহায্য

করবে। নিউ ইয়র্কে ইউনাইটেড স্টেটসের (United States) মধ্যে সবথেকে স্বচ্ছ ডিস্কভারি আইন আছে এবং এই পরিবর্তনগুলি সেই আখ্যাকে নিরাপদ রাখবে।"

রিচমন্ড (Richmond) কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Michael McMahon (মাইকেল ম্যাকম্যহন) বলেন, "বেশির ভাগ নিউ ইয়র্কবাসীর মতো আমি বিশ্বাস করি যে ডিফেন্ডেন্ট দোষী বা নির্দোষ কিনা তা মামলার গুণের ভিত্তিতে বিচার করা উচিত, খুঁটিনাটি বা লুপহোলের ভিত্তিতে নয়। দুর্ভাগ্যজনক সত্য হলো নিউ ইয়র্ক স্টেটের বর্তমান ডিস্কভারি আইনগুলি অনেক বেশি অপরাধী, যার মধ্যে বারবার রিটেইল চুরি করা ব্যক্তি, গৃহ নির্যাতনকারী, এবং আরো অনেক মারাত্মক দোষী ব্যক্তি আছে, তাদেরকে তাদের অপরাধের পরিণতি ভোগ করা থেকে পালতে দেয় কারণ আমাদের স্টেটে ছোটখাটো এবং অপ্রাসঙ্গিক পেপারওয়ার্ক সমস্যার কারণে হাজার হাজার অসদাচরণের মামলা খারিজ হয়ে যাচ্ছে। এই বাস্তবতার কারণে ভিকটিম, সার্ভাইভার, এবং তাদের পরিবার ন্যায়বিচার পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে এবং ডিফেডেন্টদেরকে তাদের অপরাধের জন্য কোর্টরুমে দায়বদ্ধ করা হচ্ছে না। এটি বলার পরেই আমরা বিশ্বাস করি যে অন্ধকারের পর আশার আলো পাওয়া যাবে এবং পরিবর্তন আসছে। আমাদের ডিস্কভারি সংবিধিতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবিত সংশোধন একটি কমনসেন্স পন্থা গ্রহণ করার কথা বলে যা আমাদের ক্রিমিনাল জাস্টিস সিস্টেমের দায়বদ্ধতা ফেরত আনবে এবং একই সাথে দেশের সবথেকে উন্মুক্ত এবং স্বচ্ছ ডিস্কভারি আইন থাকার জন্য নিউ ইয়র্ক স্টেটের অনন্য অবস্থান ধারণ করে রাখবে। স্টেট বাজেট নিয়ে আলোচনা চলছে, এই সময় গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপ এবং জননিরাপত্তাকে জোরদার করার ব্যাপারে তার প্রতিশ্রুতির জন্য তার, এবং একটি ভালো উদ্দেশ্যের কিন্তু ত্রুটিপূর্ণ আইন উন্নত করার সাধারণ লক্ষ্য নিয়ে আমাদের সাথে আলোচনা করতে ইচ্ছুক হওয়ার জন্য স্পিকার Heastie (হিস্টি) এবং লিডার Stewart-Cousins-এর (স্টুয়ার্ট-কাজিন্স) আমি প্রশংসা করছি।"

ম্যানহাটনের চেম্বার অফ কমার্সের (Manhattan Chamber of Commerce) প্রেসিডেন্ট ও CEO Jessica Walker (জেসিকা ওয়াকার) বলেন, "রিটেইল চুরি হলো নিউ ইয়র্কের দোকানের ব্যবসার জন্য একটি বড় হুমকি। কমনসেন্স ডিস্কভারি রিফর্ম করা হলে তা নিশ্চিত করতে সাহায্য করবে যাতে বার বার এই অপরাধ করা ব্যক্তিদের বিচার হয় এবং তারা দিনের পর দিন একই দোকানে আক্রমণ করতে না পারে। কাস্টোমার এবং কর্মচারীদের নিরাপদ থাকতে পারা উচিত।"

Noir et Blanc-এর মালিক Deborah Koenigsberger (ডেবোরাহ কনিগসবার্গার) বলেন, "ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির জন্য আমি তার প্রতি কতটা কৃতজ্ঞ তা আমি বলে শেষ করতে পারবো না। ক্ষুদ্র ব্যবসার মালিকদের ভিকটিম হওয়ার সামর্থ্য নেই, এবং কোনোমতেই বার বার এর শিকার হওয়ার সামর্থ্য নেই যা বর্তমানে স্বাভাবিক হয়ে গেছে। ডিস্কভারি প্রক্রিয়াকে সরল করতে এইসব সংশোধন প্রক্রিয়াকে কম জটিল করবে এবং মন্দ পক্ষকে সাথে আরো দ্রুত ও কার্যকরভাবে সামলানোর জন্য বিচার ব্যবস্থার ক্ষমতাকে জোরদার করবে বলে আমি বিশ্বাস করি।"

গ্রেটার নিউ ইয়র্কের চেম্বার অফ কমার্সের (Greater New York Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং CEO Mark Jaffe (মার্ক জ্যাফ) বলেন, "নিউ ইয়র্কের জটিল

ডিস্কভারি আইন পরিবর্তন করতে গভর্নর Hochul-এর (হোকল) চেষ্টার আমরা প্রশংসা করছি। এখনকার নিয়ম অনুযায়ী; অনেক বেশি মামলা আইনি খুঁটিনাটির কারণে বাতিল হয়ে যাচ্ছে। এর ফলে অনেক ভিকটিম, যার মধ্যে আমাদের সদস্য রিটেইলাররা আছেন, ন্যায়বিচার পাচ্ছেন না। এইসব নিয়ম সংশোধন করার এবং দোকানে চুরি করে যারা তাদের দায়বদ্ধ করার সময় এসেছে। এছাড়াও গভর্নর ট্রায়ালের আগের বন্দি অবস্থার সময় এবং মামলা প্রক্রিয়ার সময় কম করতে চান যাতে সবাই নিজেদের প্রাপ্য ন্যায়বিচার পেতে পারে। চেম্বারের সবাই নিরাপদ সড়ক চান এবং এটি নিঃসন্দেহে রিটেইল চুরির বিরুদ্ধে সুরক্ষা দিতে সাহায্য করবে।"

রিটেইল, হোলসেল অ্যান্ড ডিপার্টমেন্ট স্টোর ইউনিয়নের (Retail, Wholesale and Department Store Union) প্রেসিডেন্ট Stuart Appelbaum (স্টুয়ার্ট অ্যাপলবাম) বলেন,"পুরো স্টেটে রিটেইল দোকান, সুপারমার্কেট এবং ফার্মেসিতে জনগণের মুখোমুখি হয়ে কাজ করা আমাদের সদস্যরা রিটেইল চুরির কারণে কাজের জায়গায় হয়রানি এবং সহিংসতার শিকার হচ্ছে। আমরা বিশ্বাস করি যে Retail Worker Safety Act-এর প্রয়োজনীয় প্রবিধানের বাস্তবায়নের সাথে মিলিত হয়ে এই চেষ্টাগুলি রিটেইল কর্মীদের কাজের জায়গায় নিরাপদ রাখবে। আমাদের সদস্যদের এই অতি গুরুত্বপূর্ণ সমস্যাটি নিয়ে কাজ করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

তার FY26 এক্সিকিউটিভ বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) পরিবর্তনের প্রস্তাবনা করেছেন, যা নির্বাচিত কর্মকর্তা, ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, ইউনিয়ন এবং ভিকটিম অ্যাডভোকেট গ্রুপের থেকে বাইপার্টিসান সমর্থন পেয়েছে, এটি 2020 সালে কার্যকর হওয়া স্টেটের ডিস্কভারি রিফর্মকে বহাল রাখবে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের জন্য আরো ন্যায্য এবং আরো ন্যায়সঙ্গত আইন ব্যবস্থা নিশ্চিত করবে।

2019 রিফর্মের কোনো অতি প্রয়োজনীয় বৈশিষ্ট্য পরিবর্তন না করে, নিউ ইয়র্ক স্টেটের Discovery Law-তে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবিত পরিবর্তনগুলি পদ্ধতিগত ন্যায্যতা নিশ্চিত করবে, মামলা প্রক্রিয়ার সময় কম করবে, ট্রায়ালের আগে বন্দি অবস্থার সময়কাল কম করবে এবং সাক্ষীর সেন্সিটিভ এবং ব্যক্তিগত তথ্য নিরাপদ রাখবে। পাশ হওয়ার পরেও নিউ ইয়র্কে দেশের সবথেকে উন্মুক্ত এবং স্বচ্ছ ডিস্কভারি আইন থাকবে, যা প্রসিকিউটরদের জন্য সক্রিয়ভাবে সার্বিক বিষয়বস্তু একত্রিত করা এবং অপরাধে অভিযুক্ত ব্যক্তির কাছে দ্রুত প্রকাশ করা আবশ্যক করবে।

এর আগে এই সপ্তাহে গভর্নর Hochul (হোকল) এবং নিউ ইয়র্ক স্টেট অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্স (Office for the Prevention of Domestic Violence, OPDV) রিপোর্টের একটি প্যাকেজ প্রকাশ করেন যেখানে অপরাধের ভিকটিমদের অধিকার রক্ষার জন্য নিউ ইয়র্কের ডিস্কভারি আইনগুলিকে সরল করার গুরুত্বের উপর আলোকপাত করা হয়েছে। গতকাল গভর্নর হাডসন ভ্যালিতে (Hudson Valley) আইন শৃঙ্খলা রক্ষাকারীদের পাশে দাঁড়ান যেখানে নিউ ইয়র্ক স্টেট শেরিফস অ্যাসোসিয়েশন (New York State Sheriff's Association), ডিস্ট্রিক্ট অ্যাটর্নিস অ্যাসোসিয়েশন অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্ক (District Attorneys Association of the State of New York), এবং সেই সাথে ধর্মীয় নেতা, বিজনেস গ্রুপ, এবং গৃহ

নির্যাতন ও ভিকটিম অ্যাডভোকেটদের থেকে সমর্থনের জন্য একই রকম আহ্বান শোনা গিয়েছেন। একটি ছোট ব্যাখ্যা করা ভিডিও এখানে দেখা যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন